

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৩১৬

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১৬৯. দু' ঈদের দিন গোসল করা।

بَابِ مَا جَاءَ فِي الْإغْتِسَالِ فِي الْعِيدَيْنِ

### আরবী

حَدَّثَنَا نَصِرُ بْنُ عَلِي الْجَهْضَمِيُّ، حَدَّثَنَا يُوسُفُ بْنُ خَالِد، حَدَّثَنَا أَبُو جَعْفَرِ الْخَطْمِيُّ، عَنْ عَبْدِ الرَّحْمَن بْنِ عُقْبَةَ بْنِ الْفَاكِهِ بْنِ سَعْد، عَنْ جَدِّهِ الْفَاكِهِ بْنِ سَعْد، \_ وَكَانَتْ لَهُ صَحُحْبَةٌ \_ أَنَّ رَسُولَ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ كَانَ يَغْتَسِلُ يَوْمَ الْفِطْرِ وَيَوْمَ النَّحْرِ وَيَوْمَ النَّحْرِ وَيَوْمَ النَّعْرِ وَيَوْمَ النَّحْرِ وَيَوْمَ عَرَفَةَ وَكَانَ الْفَاكِهُ يَأْمُنُ أَهْلَهُ بِالْغُسُلِ فِي هَذِهِ الأَيَّامِ .

#### বাংলা

২/১৩১৬। ফাকিহ ইবনু সা'দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি সাহাবী ছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদুল ফিতর, ঈদুল আযহা ও আরাফার দিন গোসল করতেন। ফাকিহ (রাঃ) তার পরিবার-পরিজনদের ঐ দিনগুলিতে গোসল করার নির্দেশ দিতেন।

## **English**

It was narrated from 'Abdur-Rahman bin 'Uqbah bin Fakih bin Sa'd, from his grandfather Fakih bin Sa'd, who was a Companion of the Prophet (ﷺ) that the Messenger of Allah (ﷺ) used to take a bath on the Day of Fitr, the Day of Nahr, and the day of 'Arafah, and Fakih used to tell his family to have a bath on these days.

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আহমাদ ১৬২৭৯

তাহকীক আলবানী: মাওয়। তাখরীজ আলবানী: জামি সগীর ৪৫৯০ যঈফ। উক্ত হাদিসের রাবী ইউসুফ বিন খালিদ সম্পর্কে ইমাম শাফিঈ বলেন, তিনি দুর্বল। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যাবে না



কারণ তিনি মিথ্যুক। আমর বিন ফাল্লাস ও আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি মিথ্যা কথা বলেন। ইমাম বুখারী তার ব্যাপারে চুপ থেকেছেন। ২. আব্দুর রহমান বিন উকবাহ আল ফাকিহ বিন সা'দ সম্পর্কে ইমামগণ বলেন, তিনি মাজহুল বা অপরিচিত।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন